গাংনী রংমহল সীমান্তে গাঁজাসহ মাদক পাচারকারী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার রংমহল সীমান্তে ১৬ কেজি গাঁজাসহ নজরুল শেখ নামের এক মাদক পাচারকারীকে আটক করেছে বিজিবি।

শনিবার ভোররাতে সীমান্তবর্তী খাস মহলের মাঠ থেকে তাকে আটক করা হয়। আটককৃত নজরুল শেখ খাস মহল গ্রামের মৃত হুজুর শেখের ছেলে। এসময় গাজা মালিক আশরাফুল ও মিশকাত পালিয়ে যায়।

৪৭ বিজিবি ক্যাম্প কমান্ডার, সেলিম ভূঁইয়া জানান,শনিবার ভোররাতে ভারতীয় সীমান্ত রংমহল খাস মহল মাঠ দিয়ে কয়েকজন মাদক পাচারকারী মাদক নিয়ে আসছে।

এমন গোপন সংবাদের ভিত্তিতে ক্যাম্প কমান্ডার সঙ্গীয় সদস্য নিয়ে অভিযান চালালে খাসমহল গ্রামের সাকিমুদ্দিন এর ছেলে মিশকাত ও কালামের ছেলে আশরাফুল গাঁজা ফেলে পালিয়ে যায়। এসময় ভ্যানচালক নজরুল শেখকে আটক করতে সক্ষম হয় বিজিবি সদস্যরা।

নজরুলের ভ্যান থেকে বস্তাভর্তি ১৬ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

শনিবার বেলা দশটার দিকে গাজা বহনকারী নজরুল শেখ কে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

গাংনী থানার ডিউটি অফিসার এসআই জহির উদ্দিন জানান, গাঁজাসহ আটককৃত নজরুল শেখ কে মামলার আলামত সহ আদালতে প্রেরণ করা হয়েছে।

মুজিববর্ষেই বাংলাদেশ গেমস আয়োজনের পরিকল্পনা

মুজিববর্ষে বঙ্গবন্ধু বাংলাদেশ গেমস আয়োজন করতে চেয়েছিল বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন (বিওএ)। গত এপ্রিলে অনুষ্ঠিত

হওয়ার কথা ছিল এই গেমস। করোনার ধাক্কায় অনির্দিষ্টকালের জন্য স্থগিত হয় বাংলাদেশ গেমস।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিববর্ষ শেষ হবে আগামী বছরের ১৭ মার্চ। মুজিববর্ষেই বাংলাদেশের সর্ববৃহৎ এই গেমস আয়োজন করতে চায় বিওএ। বিওএ’র পরিকল্পনা, আগামী ফেব্রুয়ারি কিংবা মার্চে অনুষ্ঠিত হতে পারে বাংলাদেশ গেমস।

বিওএ’র উপ-মহাসচিব আসাদুজ্জামান কোহিনুর বলেন, ‘দেশে করোনার প্রকোপ পুরোপুরি যায়নি। ফেব্রুয়ারিতে তা কোনদিকে মোড় নেয় সেটা বিবেচনা রয়েছে বিওএ’র। তাই গেমস নিয়েও পরিকল্পনায় কিছুটা পরিবর্তন আসতে পারে।’ প্রথমে বিওএ’র পরিকল্পনা ছিল ঢাকায় পুরো ৩১ ডিসিপ্লিনের গেমস আয়োজন করার। এখন বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া কোভিড-১৯-এর কারণে গেমসের কিছু ডিসিপ্লিন ঢাকার বাইরে করার সম্ভাবনা রয়েছে।

গেমসের উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠান করা হবে কি না এ নিয়েও ভাবছে বিওএ। যদি এ দুই অনুষ্ঠান না হয়, তাহলে বাজেট কমতে পারে বঙ্গবন্ধু বাংলাদেশ গেমসের।

আগে বাজেট ছিল ৩০ থেকে ৩৫ কোটি টাকা। বাজেট কমলেও অবশ্য কোনো ডিসিপ্লিন বা ইভেন্ট কমার কোনো সম্ভাবনা নেই বলে বিওএ সূত্রে জানা গেছে।

যুক্তরাষ্ট্রে ঘূর্ণিঝড় লরার আঘাতে ১৪ জনের মৃত্যু

যুক্তরাষ্ট্রের দক্ষিণাঞ্চলীয় রাজ্য লুইজিয়ানায় ঘূর্ণিঝড় লরার আঘাতে ১৪ জনের মৃত্যু হয়েছে। শুক্রবার দেশটির কর্তৃপক্ষ ও স্থানীয় গণমাধ্যম এমন তথ্য জানিয়েছে।

অন্তত ১০ জন নিহত হওয়ার খবর নিশ্চিত করেছেন লুইজিয়ানার গভর্নর বেল এডওয়ার্ডস। আর লোকজনের বাড়িঘরে গাছপালা উপড়ে পড়ে আরও চার জন

নিহত হয়েছেন।-খবর এএফপির

ঘণ্টায় দেড়শ মাইল বেগের ঝড়ো হাওয়া নিয়ে বৃহস্পতিবার লুইজিয়ানার ছোট শহর ক্যামেরনের ওপর দিয়ে চার মাত্রার এ ঘূর্ণিঝড়টি স্থলে আঘাত হানে।

দক্ষিণাঞ্চলীয় কয়েকটি অঙ্গরাজ্যে তাণ্ডব চালানো লরার কারণে প্রায় ৯ লাখ বাড়িঘর ও ব্যবসা প্রতিষ্ঠান বিদ্যুৎবিচ্ছিন্ন হয়ে পড়ে। একটি শিল্প প্ল্যান্টের রাসায়নিকেও আগুন লাগে।

বিবিসি জানিয়েছে, পরে শক্তি হারিয়ে ক্রান্তীয় ঝড়ে পরিণত হলেও লরার কারণে এখনও যুক্তরাষ্ট্রের বেশ কয়েকটি অঙ্গরাজ্যে তুমুল বৃষ্টি হচ্ছে।

বিপর্যয় মোকাবেলায় কেন্দ্রীয় সরকারের কাছে আর্থিক সহযোগিতা চেয়েছেন বেল এডওয়ার্ডস। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হারিকেনের তাণ্ডবে বিধ্বস্ত এলাকা পরিদর্শনে শনিবার অঙ্গরাজ্য দুটিতে যাচ্ছেন বলে জানিয়েছে হোয়াইট হাউস।

যুক্তরাষ্ট্রে আঘাত হানার আগে লরা ক্যারিবীয় অঞ্চলের কয়েকটি দেশেও তাণ্ডব চালিয়েছিল। লরা ও আরেকটি ঝড় মার্কো ওই অঞ্চলের অন্তত ৩১ জনের প্রাণ কেড়ে নিয়েছে।

দলের ভাবমূর্তি ক্ষুণ্ণের জন্য অনুপ্রবেশকারীরাই দায়ী : ওবায়দুল কাদের

কোনোভাবেই দলে অনুপ্রবেশকারীদের আশ্রয়-প্রশ্রয় দেয়া যাবে না জানিয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, দলের ভাবমূর্তি ক্ষুণ্ণের জন্য অনুপ্রবেশকারীরাই দায়ী।

আজ শুক্রবার আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে দলের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক উপ-কমিটির উদ্যোগে

স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালকের কাছে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী হস্তান্তর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সের যুক্ত হয়ে ওবায়দুল কাদের বলেন, আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, অনুপ্রবেশকারীরাই দল ও সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করে। দুঃসময়ের পরীক্ষিত নেতাকর্মীরা কখনো দল ও সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন কাজ করে না। সাম্প্রতিককালে দেখা গেছে, দলের ভাবমূর্তি ক্ষুণ্নের জন্য অনুপ্রবেশকারীরাই দায়ী।

তিনি বলেন, তবে একথা সত্য যে, এখনো কোথাও কোথাও স্বাস্থ্যসেবার মান নিয়ে প্রশ্ন রয়েছে। গ্রামাঞ্চলে এখনো স্বাস্থ্যসেবা কাঙ্ক্ষিত মানে পৌঁছায়নি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা চিকিৎসকদের গ্রামমুখী হওয়ার যে নির্দেশনা দিয়েছেন তা যথাযথভাবে পালন করলে গ্রামীণ স্বাস্থ্যসেবার মান আরও উন্নত হবে।

সরকারের এসব কার্যক্রম এগিয়ে নিতে চিকিৎসা সংশ্লিষ্ট সবার আন্তরিক সহযোগিতা প্রয়োজন বলেও মন্তব্য করেন ওবায়দুল কাদের।

হৃদয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

আগস্ট মাস নানা দিক বিবেচনায় বেদনাদায়ক মাস। বিশেষ করে ১৫ ও ২১ আগস্টের কারণে। ১৫ আগস্ট বাঙালি জাতির ইতিহাসে একটি কলঙ্কিত দিন। সবচেয়ে শোকের দিন । সোনার বাংলাদেশ গড়তে হবে বঙ্গবন্ধুর দেখানো আদর্শ ও পথ ধরে। একটি সফল রাষ্ট্র গঠনে বঙ্গবন্ধুর আদর্শের বিকল্পনেই। বঙ্গবন্ধু প্রতিটি মুহূর্তের অনুপ্রেরণা।

১৫ আগস্ট জাতীয় শোক দিবসটি ২০১৮ সাল থেকে মাসব্যাপী উদযাপন হচ্ছে যা একটি সময়ের দাবি ছিল। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব ও বিবেচনা করায় আন্তরিকভাবে কৃতজ্ঞতা জানাই। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস শুধু বাঙালি জাতির নয় বরং সারা বিশ্বের। বিশ্ব মানবতার এক অপূরণীয় ক্ষতি ও এক হৃদয়

বিদারক ক্ষমাহীন কলঙ্কিত অধ্যায় । আমাদের শপথ হোক সব বাঁধা পেরিয়ে দুর্নীতি মুক্ত সোনার বাংলা গড়ার যেমনটি চেয়েছিলেন বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

এই শোক হবে শক্তি, এই শোক হবে জাগরণ, এই শোক হবে বঙ্গবন্ধুর চোখে স্বপ্নের বাংলাদেশ গড়ার অসীম প্রেরণা, এই শোক হবে হার না মানা লাল-সবুজ পতাকার চিরন্তন ঠিকানা। বঙ্গবন্ধু বাংলাদেশের নয় এখন পৃথিবীর সম্পদ এবং বিশ্ব ইতিহাসের এক অবিচ্ছেদ্য অংশ। সুন্দর পৃথিবী গড়তে যুগযুগ প্রতীক্ষার পর কিছু মানুষ পৃথিবীতে আসে এবং নিজেকে নিঃস্বার্থভাবে মহান ত্যাগ আর বিসর্জন দিয়ে চলে যান।

যা ইতিহাসের পাতায় বীরত্বের প্রেরণা অনুসরণীয়-অনুকরণীয় অধ্যায় হয়ে থাকে। তেমনি গৌরবের এমন কিছু অস্বাভাবিক মৃত্যু সভ্যতাকে লজ্জায়ফেলে পরাজিত করে, সীমাহীন অনুতপ্ততা, অপূরণীয় ক্ষতি আর ক্ষমাহীন ঘৃণার উদাহরণ হয়ে থাকে । এমন একটি অধ্যায় ইতিহাসের মহামানবদের একজন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ।

বঙ্গবন্ধু আজ শুধু ব্যক্তি দল বা দেশের নয়, একটি বিশ্বমানবতা একটি অধিকার একটি আন্দোলন একটি বিপ একটি অভ্যুত্থানের প্রতীক গোটা বিশ্বের সম্পদ, একটি ঐতিহাসিক রাজনীতির সফল প্রতিষ্ঠানের নাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বিশ্বব্যাপী ঈর্ষণীয় এক জনপ্রিয় নেতা হয়ে ওঠেন। বিশ্ব ইতিহাসে একমাত্র নেতা বঙ্গবন্ধু এই নামটির সাথে মিশে আছে জীবনের ১৯৪৭ সাল থেকে ১৯৭৫ এর ১৫ আগস্ট হার না মানা পঁয়ত্রিশটি ছোট-বড় সংগ্রামের অমরকীর্তি গাঁথা জীবন্ত ইতিহাস শেখ মুজিবুর রহমান ।

১৫ আগস্টের সেই শিহরিত হৃদয়বিদারক শোকাহত ইতিহাসটি কি ছিল বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মকে জানতে হবে। প্রতিটি ছাত্র সমাজ যুবসমাজ সাংবাদিক সমাজ সভ্যসমাজকে এই ১৫ আগস্টের ইতিহাস অবশ্যই জানতে হবে এবং সিদ্ধান্ত নিতে হবে আমরা স্বাধীনতার পক্ষে থাকবো, মানবতার পক্ষে থাকবো, শোষিতের পক্ষে থাকবো নাকি অধিকার হরণ শোষণ সাম্রাজ্যবাদী দুর্নীতিবাজ বিতর্কিতদের পক্ষে থাকবো?

১৫ আগস্ট বঙ্গবন্ধুকে হত্যা করা হলেও তাঁর মৃত্যু নেই কেননা একটি জাতি, রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা এবং স্থপতি তিনি। যতদিন রাষ্ট্রের অস্তিত্ব থাকবে ততদিন এ ভূখন্ডের আকাশ বাতাস মাটি আর মানুষের মাঝে বেঁচে থাকবেন তিনি । বঙ্গবন্ধু একটি আদর্শের নাম মানবতার ফেরিওয়ালা। পৃথিবীর ইতিহাস পরিবর্তনে যে কজন মহান নেতা নিজেকে

উৎসর্গ করেছেন তাদের মধ্যেঅন্যতম আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯৭৫সাল ১৫ আগস্ট শুক্রবার প্রথম প্রহর বাংলার আকাশে গভীর ষড়যন্ত্রের কালো মেঘ ।

বাংলাদেশের মাটিতে প্রশিক্ষিত ও শক্তিশালী বলে অহংকার করা পাকিস্তানি বাহিনীর অপমানজনক পরাজয় এবং অসহায় আত্মসমর্পণ কিছুতেই মেনে নিতে পারেনি পাকিস্তান সামরিক সরকার । তাই ১৯৭৩ সাল পর্যন্ত তারা স্বাধীন বাংলাদেশ হিসেবে স্বীকৃতি দেয়নি। পাকিস্তানের গোয়েন্দা সংস্থাকে আইএসআই দায়িত্বদেয়া হয়েছিল বঙ্গবন্ধুকে চিরতরে সরিয়ে দেওয়ার জন্য । পৃথিবীর শাসক সম্রজ্যবাদী শক্তিগুলোর সরাসরি মদদ ছিল।

বঙ্গবন্ধুর মতো আকাশছোঁয়া জনপ্রিয়নেতাকে সরিয়ে দেওয়াটা সত্যিই অসম্ভব অকল্পনীয় ব্যাপার ছিল। কিন্তু সেটাই ঘটেছিল ১৯৭৫ এর ১৫ আগস্ট। বিশ্বের প্রভাবশালী আমেরিকা সহ জাতিসংঘ মিশনের মাধ্যমে তারা এই বাংলাকে ফিরে পেতে চেয়েছিল কিন্তু পারেনি। সেই সাথে জাতির জনক বঙ্গবন্ধু শুধু বাঙালি জাতির বন্ধু নয় তিনি হয়েছিলেন গোটা বিশ্বের শোষিত মানুষের প্রকৃত বন্ধু আর

অন্যদিকে হয়েছিলেন শোষকদের শত্রু। পরাজিত সাম্রাজ্যবাদীরা বঙ্গবন্ধুর মতো মহান এবং উদার হৃদয়ের প্রিয় মানবতাবাদি নেতাকে কখনো মেনে নিতে পারেনি।

একদিকে সাম্রাজ্যবাদী অপমানজনক পরাজিত পাকিস্তানের প্রতিশোধ অন্যদিকে দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা কঠোর হুঁশিয়ারি সেই কিছু দুর্নীতিবাজ শিক্ষিত চক্র আর দেশীয় শত্রুদের মসনদ লোভের ঘৃণিত ষড়যন্ত্র সব মিলিয়ে বাংলার রাখাল রাজা বঙ্গবন্ধু কঠিন বিপদের সম্মুখীন হতে চলেছেন । যা ১৯৭৫ সালের ১৫ আগস্ট সংঘটিত হয়েছিল। পৃথিবীর ইতিহাসে অন্যতম এক হৃদয়বিদারক ক্ষমাহীন কলঙ্কিত ঘটনা।

এসব ঘটনার আগে বঙ্গবন্ধুকে অনেক মিত্রই সতর্ক করেছিলেন এমনকি আমাদের বর্তমান প্রেসিডেন্ট তখনকার দিনের তুখোড় ছাত্রনেতা এবং এমপি আব্দুল হামিদও বলেছিলেন। কিন্তু অকুতোভয় উদার আত্মবিশ্বাসী মানুষটি উপেক্ষা করেছিলেন সব সতর্কবাণী। বলেছিলেন ওরা আমার সন্তান আমার কোন ক্ষতি করবেনা।

রাষ্ট্রীয় ক্ষমতার লোভ সাম্রাজ্যবাদের ষড়যন্ত্র আর পাকিস্তানি সিআইএর গোপন তৎপরতা তাদের এদেশীয় দোসররা স্বার্থন্বেষী

বিপথগামী কিছু সেনাবাহিনীর সদস্য এবং বঙ্গবন্ধুর খুব কাছের প্রাণের রাজনীতিবিদদের অন্যতম খলনায়ক খন্দকার মোশতাকএবং মেজর জিয়াসহ কিছু বিপথগামী সেনা অফিসার দিয়ে ১৫ আগস্ট স্বাধীন বাংলাদেশের স্থপতি বাঙালির সর্বকালের শ্রেষ্ঠ সন্তান বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু সহ সপরিবারে ১৮ জনকে হত্যা করা হয় ।

বঙ্গবন্ধু তার সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব পুত্র ক্যাপ্টেন শেখ কামাল লেফটেন্যান্ট শেখ জামাল ১০ বছরের শিশুপুত্র শেখ রাসেল পুত্রবধূ সুলতানা কামাল ও রোজী জামাল বঙ্গবন্ধুর সহোদর শেখ নাসের ভগ্নিপতি কৃষক নেতা আবদুর রব সেরনিয়াবাত ভাগ্নে যুব নেতা শেখ ফজলুল হক মণি ও তার সন্তানসম্ভ্যবা স্ত্রী আরজু মনি বেবী সেরনিয়াবাত সুকান্ত বাবু আরিফ আব্দুল নাঈম খান এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সামরিক সচিব কর্নেল জামিল শাহাদাত বরণ করেন। (চলবে)

কলেজের মেধা তালিকায় প্রথমে সানি লিওনের নাম, বিতর্ক তুঙ্গে!

কলেজে ভর্তি মেধা তালিকায় অসঙ্গতি থাকা কোনও নতুন বিষয় নয়। ছোটখাটো অসঙ্গতি থাকেই। তবে ভারতের পশ্চিমবঙ্গের দক্ষিণ কলকাতার স্বনামধন্য আশুতোষ কলেজে ইংরেজি বিভাগের মেধা তালিকা দেখে চক্ষু ছানাবড়া প্রায় সকলের।

কারণ সেই তালিকায় দেখা গেছে একদম প্রথমেই রয়েছেন সানি লিওনির নাম। চলতি বছরের শিক্ষাবর্ষেই সানি লিওন পাশ করেছেন বলেও উল্লেখ রয়েছে। প্রাপ্ত নম্বরের কথাও রয়েছে মেধা তালিকায়। কিন্তু সত্যি কী সানি লিওনি ভর্তি হবেন এই কলেজে, মেধা তালিকা দেখার পর অনেকেই হাসির ছলে সেই প্রশ্নই করছেন।

গতকাল বৃহস্পতিবার (২৭ আগস্ট) আশুতোষ কলেজের মেধা তালিকা প্রকাশ হয়। তাতেই দেখা গেছে, একদম প্রথমেই রয়েছে রুপালি পর্দার তারকা

সানি লিওনির নাম।

তার আবেদনপত্রের নম্বর ৯৫১৩০০৮৭০৪। রোল নম্বর ২০৭৭৭৭-৬৬৬৬। বেস্ট অব ফোরে তার প্রাপ্ত নম্বর ৪০০ অর্থাৎ প্রতিটি পরীক্ষায় শতভাগ নাম্বার পেয়েছেন তিনি।

সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়ে গেছে এই মেধা তালিকা। শুধু ইংরেজি নয়, কম্পিউটার সায়েন্স বিভাগের মেধা তালিকাতেও হাজার অসঙ্গতি পাওয়া গেছে। কারও বেস্ট অফ ফোরে রয়েছে ভুল নম্বর। আবার কারও নাম ভুল লেখা হয়েছে। কেউ কেউ আবার কোন শিক্ষাবর্ষে উত্তীর্ণ হয়েছেন, তাও ভুল দেওয়া হয়েছে।

কলেজ কর্তৃপক্ষেরও কানে গেছে এমন ভুলের কথা। অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা চেয়ে নেয় কলেজ কর্তৃপক্ষ। ইংরেজি এবং কম্পিউটার সায়েন্সের মেধা তালিকার ভুলভ্রান্তি শুধরে আবারও নতুন করে প্রকাশ করা হবে বলেও জানিয়েছে আশুতোষ কলেজ কর্তৃপক্ষ। আপাতত এই বিভ্রান্তিমূলক মেধা তালিকা দেখে পড়ুয়ারা যে যথেষ্ট বিরক্ত হয়েছে, সে বিষয়ে কোনও দ্বিমত নেই।

সূত্র- বিডি-প্রতিদিন

বার্সেলোনা ছাড়লে মেসির উপর নিষেধাজ্ঞা চাপাতে পারে ফিফা!

বার্সেলোনা ছাড়ছেন লিওনেল মেসি। ইতিমধ্যে ক্লাবকে জানিয়ে দিয়েছেন সেকথা। আগামী বছর জুনে চুক্তি শেষ হলেও আর এক মৌশুমও হয়তো অপেক্ষা করবেন না তিনি। চলতি বছরেই দলবদল করবেন মেসি। কারণ করোনার কারণে ৩১ মে নয়, মৌশুম শেষ হচ্ছে ৩১ আগস্ট। সেক্ষেত্রে মেসির চুক্তিতে এমন একটি শর্ত রয়েছে, যা নিয়ে ক্লাবের সঙ্গে ঝামেলা না মেটালে ফিফার তরফ থেকে শাস্তি পেতে পারেন ৩৩ বছর বয়সি ফুটবল তারকা। এমনকি, তার খেলার উপর নিষেধাজ্ঞা চাপাতে পারে বিশ্ব ফুটবলের নিয়ামক সংস্থা।

জানা গেছে, বার্সেলোনার সঙ্গে মেসির চুক্তি অনুযায়ী তার ‘রিলিজ ক্লজ’ ৭০০ মিলিয়ন ইউরো। অর্থাৎ কোনও ক্লাব যদি এই মহারতারকাকে সই করাতে চায় তাহলে বার্সেলোনাকে এই বিপুল পরিমাণ অর্থ দিতে হবে। তারপর আলাদা করে মেসির সঙ্গে চুক্তি করতে হবে। যা এই মুহূর্তে বিশ্বের কোনও ক্লাবের পক্ষেই সম্ভব নয়।

তবে এখানে অন্য একটা সুযোগ আছে। বার্সার সঙ্গে মেসির চুক্তি শেষ হওয়ার কথা আগামী বছর জুন মাসে। আর চুক্তির শর্ত অনুযায়ী, শেষ হওয়ার এক বছর আগে ‘রিলিজ ক্লজ’ কমে হওয়ার কথা, ৩০০ মিলিয়ন ইউরোয়। যা কিনা এই মুহূর্তে অনেকগুলি ক্লাবের পক্ষেই দেওয়া সম্ভব। কিন্তু এছাড়াও মেসির চুক্তিতে আর একটি বিশেষ শর্ত রয়েছে। আর সূত্রের খবর, মেসির সঙ্গে সেই নিয়ে কিছুটা বিবাদ শুরু হয়েছে ক্লাবের।

চুক্তি অনুযায়ী, প্রতি বছর মৌশুম শেষ হওয়ার দিন অর্থাৎ ৩১ মে’র মধ্যে ক্লাবের কাছে আবেদন জানালে বার্সা তাকে ছেড়ে দেবে। ২০২০ সালে যা ইতিমধ্যে অতিক্রান্ত। এখন মেসি সেই আবেদন জানালেও মানতে নারাজ ক্লাব কর্তৃপক্ষ। তাদের স্পষ্ট বক্তব্য, সময়সীমা পেরিয়ে গেছে। আর তাই আর্জেন্টাইন তারকার আবেদন গ্রাহ্য হবে না। এদিকে, মেসির আইনজীবীর বক্তব্য, ৩১ মে নয়, করোনার কারণে চলতি বছরের ফুটবল মৌশুম শেষ হওয়ার কথা ৩১ আগস্ট। আর তাই মেসি এখনও আবেদন করতে পারেন। আর এই নিয়েই এবার দু’পক্ষের মধ্যে চলছে আলোচনা। চেষ্টা করা হচ্ছে সমস্যা সমাধানের।

তবে ওয়াকিবহাল মহলের ধারণা, এই পরিস্থিতিতে মেসি ক্লাব ছেড়ে অন্য ক্লাবে সই করলে, তার বিরুদ্ধে চুক্তিভঙ্গের অভিযোগ আনতে পারে বার্সা। সেক্ষেত্রে নিয়মানুযায়ী মেসির উপর নিষেধাজ্ঞা চাপাতে পারে ফিফাও। সেক্ষেত্রে কোর্ট অব আরবিট্রেশন ফর স্পোর্টসে আবেদন করা ছাড়া আর কোনও উপায় থাকবে না লিও মেসির কাছে। যা আরও সময়সাপেক্ষ। তবে অনেকেই আবার মনে করছেন, দীর্ঘদিনের ভাল সম্পর্কের কথা মাথায় রেখে মেসিকে রিলিজ করে দেবে বার্সেলোনা।

সূত্র- বিডি-প্রতিদিন

ব্রিটিশ হাইকমিশনারের সাথে বিএনপি মহাসচিবের বৈঠক

ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসনের সাথে বৈঠক করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার বিকালে রাজধানীর বারিধারায় এ বৈঠক হয়। এতে বিএনপির কূটনৈতিক উইংয়ের প্রভাবশালী সদস্য তাবিথ আউয়াল উপস্থিত ছিলেন।

প্রায় এক ঘণ্টার এই বৈঠকে দেশের রাজনৈতিক পরিস্থিতিসহ গুম খুনসহ বিচারবহির্ভূত হত্যাকাণ্ড নিয়ে আলোচনা হয়। আলোচনায় আগামী ৩০ আগস্ট আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস নিয়ে আলোচনার এক পর্যায়ে গুম হওয়া বিএনপিসহ বিরোধী রাজনৈতিক নেতাকর্মীদের পাশাপাশি সম্প্রতি কক্সবাজারে পুলিশের গুলিতে মেজর (অব.) সিনহা মো. রাশেদ খানের নিহত হওয়ার ঘটনাটিও গুরুত্বের সাথে আলোচনা হয়।

দেশের চলমান পরিস্থিতি তুলে ধরে আগামী মাসে একটি ভার্চুয়াল কূটনীতিকি ব্রিফিংয়ের আয়োজন করবে বিএনপি। সেখানে ব্রিটিশ হাইকমিশনকেও আমন্ত্রণ জানানো হয় বলে দলীয় সূত্রে জানা গেছে।

জানতে চাইলে তাবিথ আউয়াল বলেন, ‘ঢাকায় নিযুক্ত বিভিন্ন দেশের কূটনীতিকদের সাথে এ ধরণের সাক্ষাৎ আমরা প্রায়ই করে থাকি। তারই অংশ হিসেবে এ সৌজন্য সাক্ষাৎ।’

সূত্র- বিডি প্রতিদিন

কার্পাসডাঙ্গায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের মৃত্যুবার্ষিকী পালন

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় পালিত হয়েছে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৪ তম মৃত্যুবার্ষিকী।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৪ টার দিকে নজরুল স্মৃতি বিজড়িত পল্লীতে স্মৃতি ফলকে পুস্পমাল্য অর্পণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ইয়াহ খান।

জেলা প্রশাসনের পুস্পমাল্য অর্পণের পরে উপজেলা প্রশাসন, কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদ, কার্পাসডাঙ্গা কলেজ, কার্পাসডাঙ্গা সজীব ওয়াজেদ জয় পরিষদ পুস্পমাল্য অর্পণ করে।

পুস্পমাল্য অর্পণের পর কবির আত্নার মাগফিরাত কামনায় দোয়া ও প্রার্থনা করা হয়। এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আমজাদ হোসেন, উপজেলা সহকারি কমিশনার (ভূমি) মোঃ মহিউদ্দিন, নজরুল স্মৃতি সংসদের সভাপতি এমএ গফুর, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, ফাদার লাভলু সরকার, রেভাঃ লরেন্স মৃত্যুঞ্জয় মন্ডল, আটচালা ঘর মালিক প্রকৃতি বিশ্বাস বকুল, মধু বিশ্বাস, প্রভাষক আয়ুব হোসেন, বিল্লাল হোসেন,

বিশিষ্ট ব্যবসায়ী মাহবুবুর রহমান, শিল্পী নিশাত শারমিন সোনিয়া, আলো মন্ডল, ইউনিয়ন যুবলীগের যুগ্নসম্পাদক রতন বিশ্বাস, প্রচার ও প্রকাশনা সম্পাদক মেহেদী হাসান মিলন, শিমুল রেজা, যুববলীগ নেতা জাব্বার খাবলী, ছাত্রলীগনেতা মেসকাত আলী, সুলতান মাহমুদ, ফরিদুজ্জামান রানা, জাহাঙ্গীর আলম, দীপ বিশ্বাস, মোহন মন্ডল, হক সাহেব, নজরুল স্মৃতি সংসদের আইটি মতিউর রহমান। এদিকে রাত ৮ টার সময় নজরুল স্মৃতি সংসদ কার্যলয়ে ভার্চুয়াল মাধ্যমে গানে গানে নজরুল স্মরণ লাইভ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দামুড়হুদার জুড়ানপুরে ভোক্তা অধিকার সংরক্ষণের ভ্রাম্যমাণ অভিযান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জুড়ানপুর বাজারে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণের ভ্রাম্যমাণ অভিযান চালিয়ে জরিমানা

আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার ২৭ আগস্ট সকালে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণের সহকারী পরিচালক জনাব সজল আহমেদ এর নেতৃত্বে এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা হয়।

এ সময় জুড়ানপুর বাজারে ফার্মেসি, সারের দোকান,কসমেটিকস দোকানসহ বিভিন্ন দোকানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এই অভিযানে মেসার্স মোল্লা মেডিক্যাল হল কে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অভিযোগে নগত ৫,০০০ টাকা, মেসার্স বকুল ট্রেডার্স কে মেয়াদ উত্তীর্ণ ফায়ার সার্ভিসের সনদ রাখার অভিযোগে নগত ২,০০০ টাকা ও মেসার্স বিশ্বাস ট্রেডার্স কে মেয়াদ উত্তীর্ণ এগ্রো কেমিক্যালস রাখার অভিযোগে নগত ২,০০০ টাকা জরিমানা করা হয়।

এ সময় ভোক্তা অধিকার সংরক্ষণ চুয়াডাঙ্গার সহকারী পরিচালক জনাব সজল আহমেদ বাজারের সকল দোকানদার, কর্মচারীদের ও সাধারণ মানুষদেরকে এই বিষয়ে সচেতন করেন।